**অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে:** 2/10/2022 **গভর্নর ক্যাথি হোকল**

**গভর্নর হোকল ব্রড চ্যানেল স্থিতিশীলতা প্রকল্পের কাজ শেষ হওয়ার ঘোষণা দিলেন**

***নিউ ইয়র্ক স্টেট কুইন্সে আমাদের পরিবর্তনরত জলবায়ুর সাথে মানিয়ে নেওয়ার পদক্ষেপের নেতৃত্ব দিচ্ছে***

***একটি বড় ঝড়ের সময় এবং পরে অতি জরুরি নিরাপদ অবস্থানসমূহে বিদ্যুৎ বজায় রাখার জন্য প্রস্তুতিমূলক ব্যবস্থা বহাল করা হয়েছে***

গভর্নর ক্যাথি হোকল আজকে জ্যামাইকা বের একটি নিচু স্থানীয় দ্বীপ, ব্রড চ্যানেলের 5.5 মিলিয়ন মার্কিন ডলারের স্থিতিশীলতা উন্নয়ন প্রকল্পের কাজ শেষ হওয়ার ঘোষণা করলেন। লেফটেন্যান্ট গভর্নর ব্রায়ান বেঞ্জামিন আজকে ফিতা কেটে উদ্বোধনের সময় গভর্নরের ঝড় পুনরুদ্ধার অফিসের (Governor's Office of Storm Recovery, GOSR) নির্বাহী পরিচালক ক্যাটি ব্রেনমান, কুইন্স বরোর প্রেসিডেন্ট ডনোভান রিচার্ডস, এবং সেই সাথে সম্প্রদায়ের নেতৃবৃন্দ ও নির্বাচিত কর্মকর্তাদের সাথে যোগ দেন এবং একাধিক-বছরের বিনিয়োগ সম্পূর্ণ হওয়া উদযাপন করেন। গভর্নরের ঝড় পুনরুদ্ধার অফিসের প্রকল্পে রয়েছে সুপারস্টর্ম স্যান্ডি পরবর্তী পুনরুদ্ধার প্রচেষ্টায় সাহায্যকারী দুইটি অতি গুরুত্বপূর্ণ কমিউনিটি সেন্টার, ব্রড চ্যানেল আমেরিকান লিজিওন হল পোস্ট 1404 (Broad Channel American Legion Hall Post 1404) এবং ব্রড চ্যানেল অ্যাথলেটিক ক্লাবকে (Broad Channel Athletic Club) ব্যাপকভাবে উন্নত করা যাতে ভবিষ্যতের ঝড় ও জরুরি ঘটনায় আরো ভালোভাবে কাজ করতে পারে।

"বার বার নিউ ইয়র্ককে জলবায়ু পরিবর্তনের সবথেকে খারাপ প্রভাবের সম্মুখীন হতে হয়েছে," **গভর্নর হোকল বলেন।** "আমরা অভিযোজন করার এবং আমাদের স্টেটের অবকাঠামোকে আরো মজবুত করার জন্য প্রতিশ্রুতিবদ্ধ, যাতে করে প্রকৃতি আমাদের দিকে যাই ঠেলে দেয় আমরা তার জন্য প্রস্তুত থাকতে পারি। ব্রড চ্যানেল স্থিতিশীলতা প্রকল্প (Broad Channel resiliency project) সম্পূর্ণ হওয়ার মাধ্যমে, দক্ষিণ কুইন্স এবং এলাকার অতি জরুরি কমিউনিটি সেন্টারগুলি আরো নিরাপদ হবে এবং দুর্যোগকালীন সময়ে নিউ ইয়র্কবাসীকে আরো ভালো পরিষেবা প্রদান করতে পারবে।"

**লেফটেন্যান্ট গভর্নর ব্রায়ান বেঞ্জামিন বলেন,** "আমি ব্রড চ্যানেল স্থিতিশীলতা প্রকল্পের ফিতা কাটতে পেরে অনেক আনন্দিত, এই হলো নিউ ইয়র্কবাসীকে দুর্বল করে দেওয়া স্যান্ডির ব্যাপারে সমাধান আনতে বহু শহর, স্টেট, এবং ফেডারেল অংশীদারদের একত্রে আসার ফল। জলবায়ু পরিবর্তন হচ্ছে, এবং এর সর্বাধিক বিধ্বংসী প্রভাবগুলির একটি হলো ব্রড চ্যানেলের

মতো এলাকায় ঝড় বৃদ্ধি। এই 5.5 মিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগ দিয়ে, স্টেট ব্রড চ্যানেল অ্যাথলেটিক ক্লাব এবং আমেরিকান লিজিওন হলের মতো অতি জরুরি সম্প্রদায়ের সংস্থার সুরক্ষা আরো ভালোভাবে নিশ্চিত করতে পারবে।"

জ্যামাইকা বের একমাত্র বসতিসহ দ্বীপ ব্রড চ্যানেল বন্যাপ্রবণ এবং এটি সুপারস্টর্ম স্যান্ডি দ্বারা সর্বাধিক ক্ষতিগ্রস্ত এলাকাগুলির একটি। সম্প্রদায়টি জীবন, আবাসন, এবং অবকাঠামো হারিয়েছে। ব্রড চ্যানেলকে কুইন্সের মূল ভূমির সাথে যুক্তকারী সেতুগুলি বন্ধ হয়ে গিয়েছিলো, যার ফলে ছয় ফুট পর্যন্ত উঁচু ঝড়ের আঘাত যখন দ্বীপকে গ্রাস করেছিলো এবং রকওয়ে ইনলেট থেকে হওয়া ব্যাকডোর বন্যা দ্বীপকে ঘিরে রেখেছিলো, তখন বহু বাসিন্দা দ্বীপে আটকা পড়েছিল। ঝড়ের সময়, আমেরিকান লিজিওন হল এবং অ্যাথলেটিক ক্লাব বাসিন্দাদের একে অন্যকে সাহায্য করার এবং খাদ্য ও অন্যান্য সরবরাহ বিতরণ করতে একত্রিত হওয়ার স্থান হিসেবে কাজ করেছে, যদিও এইসব ফ্যাসিলিটিতেও ঝড়ের ক্ষয়ক্ষতি হয়েছে।

**GOSR-র নির্বাহী পরিচালক ক্যাটি ব্রেনম্যান বলেন,** "আমাদের জলবায়ু পরিবর্তন হচ্ছে, এবং আরো ঘনঘন বড় ঝড় হচ্ছে, যেমনটি এই হেমন্তে কুইন্স ও নিউ ইয়র্কে বিপর্যয় সৃষ্টিকারী আইডা আমাদের মনে করিয়ে দিয়েছে। আমাদের সম্প্রদায়-চালিত তৃণমূল প্রক্রিয়ার মাধ্যমে, GSOR এইসব অতি জরুরি কমিউনিটি সেন্টারকে ব্রড চ্যানেলের বাসিন্দাদের জন্য নিরাপদ স্থান হিসেবে বজায় রাখা, এবং তারা যাতে পরবর্তী ঝড়ের সময় অতি জরুরি সংস্থান ও পুনরুদ্ধার সহায়তা প্রদান করতে পারে তা নিশ্চিত করতে সাহায্য করছে।"

GOSR স্থিতিশীলতা বিনিয়োগের মুখ্য উপাদানের মধ্যে রয়েছে:

- উভয় ফ্যাসিলিটি বন্যাসীমার উপরে স্থায়ী ব্যাকআপ বিদ্যুৎ জেনারেটর স্থাপন। জেনারেটরগুলি প্রয়োজন হলে স্বয়ংক্রিয়ভাবে কাজ শুরু করবে এবং আমদের কাছে বন্যার ভেন্টিং ও লিক সনাক্ত করার সরঞ্জাম রয়েছে।
- অ্যাথলেটিক ক্লাবে মিটিংয়ের স্থান, গুদাম, এবং আউটডোর ত্রাণ পরিষেবা প্রদানে সক্ষমকারী বিদ্যুৎ সরঞ্জামসহ নতুন ভবন নির্মাণ।
- লিজিওন হলে বন্যা-প্রতিরোধক দরজা স্থাপন এবং একইসাথে বন্যার সময় বিদ্যুৎ বিভ্রাট ঠেকাতে মেকানিক্যাল ও ইলেকট্রিক ব্যবস্থা উঁচু স্থানে রাখা।
- লিজিওন হলে হিটিং, ভেন্টিলেশন, এবং এয়ার কন্ডিশনিং উন্নয়ন যাতে করে চরম আবহাওয়া পরিস্থিতিতে ফ্যাসিলিটিটি সম্প্রদায়ের হিটিং/কুলিং কেন্দ্র হিসেবে কাজ করতে পারে।

প্রকল্পটির কাজ শেষ হয়েছে নিউ ইয়র্ক স্টেটের ডর্মিটরি কর্তৃপক্ষের (Dormitory Authority of the State of New York, DASNY) অংশীদারিত্বে।

**DASNY-র প্রেসিডেন্ট ও প্রধান নির্বাহী কর্মকর্তা রুবেন আর. ম্যাকড্যানিয়েল দ্য থার্ড বলেন,** "আমরা ব্রড চ্যানেল প্রকল্পে, এবং একই সাথে চরম আবহাওয়া দ্বারা প্রভাবতী এলাকাসমূহকে সুরক্ষিত করা ও পুনর্গঠন করার জন্য স্টেটব্যাপী অতি গুরুত্বপূর্ণ প্রকল্পসমূহে GOSR-র সাথে সহযোগিতা করতে পেরে গর্বিত। আমরা এই জরুরি উদ্যোগে গভর্নর হোকলের

অব্যাহত সমর্থনের জন্য এবং পুরো নিউ ইয়র্কের সম্প্রদায়সমূহকে জোরদার করতে তার প্রতিশ্রুতির জন্য তার প্রতি কৃতজ্ঞ।"

**সিনেটর চাক শুমার বলেন,** "আমাদের স্টেটের ইতিহাসের সবথেকে ভয়ানক ঝড়গুলির একটি, হারিকেন স্যান্ডির এক দশক পর, ব্রড চ্যানেল স্থিতিশীলতা প্রকল্পের কাজ শেষ হওয়া এটি নিশ্চিত করবে যে সম্প্রদায়টি ভবিষ্যৎ ঝড় ও বন্যার সময় আরো দৃঢ় হবে," সিনেট সংখ্যাগরিষ্ঠ নেতা চার্লস ই. শুমার বলেন। "আমাদেরকে স্থিতিশীলতার ক্ষেত্রে সাহসী বিনিয়োগ করা অব্যাহত রাখতে হবে যাতে করে আমাদের সম্প্রদায়গুলি পরিবর্তিত জলবায়ুর ফলে সৃষ্ট, আমাদের স্টেটকে ক্ষতবিক্ষতকারী ক্রমবর্ধমান শক্তির ঝড় সামাল দিতে পারে। আমি গভর্নর হোকল এবং মেয়র অ্যাডামসের সাথে আরো শক্তিশালী এবং আরো স্থিতিশীল একটি নিউ ইয়র্ক গড়ার জন্য ঘনিষ্ঠভাবে কাজ করতে পেরে গর্বিত।"

**প্রতিনিধি গ্রেগরি মিকস বলেন,** "নিউ ইয়র্ক সিটি জ্যামাইকা বে-র মতো এলাকায় বড় আঘাত হানা চরম আবহাওয়ার শিকার হয়ে যাচ্ছে। আমি GOSR প্রকল্প সম্পূর্ণ করার জন্য গভর্নর হোকলের প্রশংসা করছি যা জ্যামাইকা বেকে ভবিষ্যৎ ঝড় আরো ভালোমতো সহ্য করতে সাহায্য করবে। প্রেসিডেন্ট বাইডেনের দ্বিপক্ষীয় অবকাঠামো বিল থেকে যাতে জ্যামাইকা বের মতো এলাকায় স্থিতিশীলতা প্রচেষ্টা অব্যাহত রাখতে তহবিল আসে তা নিশ্চিত করতে আমি আমার ফেডারেল পর্যায়ের সহকর্মীদের সাথে কাজ করে যাবো।"

**স্টেট সিনেটর জোসেফ অ্যাডাবো জুনিয়র বলেন,** "ফিতা কাটার অনুষ্ঠানটি ব্রড চ্যানেলে একটি উদযাপনের কারণ। সম্প্রদায়টি হারিকেন স্যান্ডি দ্বারা ভীষণভাবে আক্রান্ত হয়েছিলো, এবং এখন আমাদের আরো বেশি স্থিতিশীলতা ব্যবস্থা বহাল আছে বলতে পারার অর্থ হলো ভবিষ্যৎ ঝড় থেকে আমরা আরো বেশি সুরক্ষিত থাকবো। আমি ব্রড চ্যানেল সম্প্রদায়কে এই ব্যবস্থাসমূহ বহাল করতে তাদের অধ্যবসায়ের জন্য, এবং গভর্নর হোকল ও এই প্রকল্প অগ্রসর করতে কাজ করা সকল সরকারি এজেন্সিকে ধন্যবাদ জানাতে চাই। আমি ব্রড চ্যানেলে আরো বেশি কাজ করতে চাই যাতে এই সম্প্রদায় ও এর বাসিন্দাদের নিরাপদ রাখার জন্য অতিরিক্ত স্থিতিশীলতা ব্যবস্থা নিতে পারি।"

**অ্যাসেম্বলি সদস্য স্টেসি ফেফার-আমাটো বলেন,** "সুপারস্টর্ম স্যান্ডি আমাদের সম্প্রদায়কে ধ্বংস করে দিয়েছে। পুনরুদ্ধারের পথ অনেক লম্বা ছিলো, কিন্তু আমরা এই অর্জনে পৌঁছাতে জোট বেঁধে একত্রে কাজ করেছি। আমরা ঝড় পুনরুদ্ধারের ব্যাপারে গভর্নর হোকলের ব্যাপক সমর্থনের জন্য তার প্রতি কৃতজ্ঞ এবং জানি যে গভর্নরের ঝড় পুনরুদ্ধার অফিস ব্রড চ্যানেলের দৃঢ় মানুষের সাথে এবং এই নাটকীয় ঝড়সমূহ দ্বারা ক্ষতিগ্রস্ত অন্য সকল সম্প্রদায়ের সাথে কাজ অব্যাহত রাখবে।"

**কুইন্স বরোর প্রেসিডেন্ট ডনোভান রিচার্ডস জুনিয়র বলেন,** "সুপারস্টর্ম স্যান্ডি থেকে হারিকেন আইডা পর্যন্ত, কুইন্স জলবায়ু পরিবর্তন ব্রড চ্যানেলের মতো দুর্বল সম্প্রদায়ের উপর কী বিধ্বংসী প্রভাব ফেলতে পারে তার সাথে অতি পরিচিত। এছাড়াও কুইন্স সমুদ্র সীমা বৃদ্ধি এবং ভবিষ্যৎ ঝড় প্রতিরোধের এসব স্থিতিশীলতা প্রচেষ্টার অতি গুরুত্বও জানে। দক্ষিণ কুইন্স সম্প্রদায়ের দুইটি অতি গুরুত্বপূর্ণ হাব, ব্রড চ্যানেল আমেরিকান লিজিওন হল পোস্ট 1404 এবং

ব্রড চ্যানেল অ্যাথলেটিক ক্লাবকে আরো বন্যা প্রতিরোধক হিসেবে নিশ্চিত করার মাধ্যমে সরকার যদি কখনো আরেকটি বড় ঝড় আসে তখন ব্রড চ্যানেলের পরিবারগুলিকে আরো শক্তি প্রদান করার জন্য এই সক্রিয় সমর্থক পদক্ষেপ নিয়েছে। দ্য ওয়ার্ল্ডস বরোতে তাদের প্রচেষ্টার জন্য গভর্নরের ঝড় পুনরুদ্ধার অফিসকে ধন্যবাদ।"

**কাউন্সিল সদস্য জোয়ান আরিওলা বলেন,** "ব্রড চ্যানেল পরিকল্পনা কমিটি (Broad Channel Planning Committee) এবং ব্রড চ্যানেল সিভিককে ( Broad Channel Civic) ভালোভাবে কাজটি করার জন্য অভিনন্দন।"

**GOSR সম্পর্কে**

2013 সালের জুন মাসে প্রতিষ্ঠিত, GOSR সমগ্র স্টেটে সুপারস্টর্ম স্যান্ডি, হারিকেন আইরিন এবং ট্রপিক্যাল স্টর্ম লিয়ের পুনরুদ্ধার কাজের সমন্বয়সাধন করেছে। GOSR এর নিউ ইয়র্ক রাইজিং আবাসন পুনরুদ্ধার (NY Rising Housing Recovery), ক্ষুদ্র ব্যবসা, সম্প্রদায় পুনর্গঠন, অবকাঠামো, এবং নকশা দ্বারা পুনর্গঠন (Community Reconstruction, Infrastructure, and Rebuild by Design) কর্মসূচিসমূহের মাধ্যমে ফেডারেল সম্প্রদায় বিকাশের ব্লক অনুদান-দুর্যোগ পুনরুদ্ধার (Community Development Block Grant-Disaster Recovery) তহবিল হিসেবে 4.6 বিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগ করে, চরম আবহাওয়ার ঘটনায় নিউ ইয়র্ককে আরো ভালোভাবে প্রস্তুত রাখার জন্য। GOSR এবং এর কর্মসূচিসমূহের ব্যাপারে আরো তথ্য উপলভ্য আছে http://stormrecovery.ny.gov/এ।

নিউ ইয়র্ক রাইজিং কমিউনিটি পুনর্গঠন (NY Rising Community Reconstruction, NYRCR) এবং অবকাঠামো কর্মসূচিসমূহের মাধ্যমে, স্টেট স্থিতিশীলতা বৃদ্ধি, অতি গুরুত্বপূর্ণ অবকাঠামোর সুরক্ষা, ভবিষ্যৎ দুর্যোগ সংশ্লিষ্ট ক্ষয়ক্ষতির ঝুঁকি প্রশমন, এবং দুর্ভোগ কমানোর জন্য সম্প্রদায়ের জন্য করা নিচ-থেকে-উপরে পরিকল্পনা প্রক্রিয়ার সময় একাধিক ধরনের উদ্যোগ তৈরি করেছে।

এখন বাস্তবায়ন পর্যায়ে, GOSR বিভিন্ন পৌরসভা, কাউন্টি, এবং অলাভজনক অংশীদারদের সাথে কাজ করে স্থানীয়ভাবে তৈরি করা শত শত প্রস্তাবনাকে বাস্তবায়িত করতে।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov-এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন